




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল
পরিচালনা নীতিমালা, ২০২১



মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

রাম চন্দ্র দাস
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল পরিচালনা নীতিমালা, ২০২১

১। তহবিলের নামঃ দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল

২। তহবিলের উদ্দেশ্যঃ

- (ক) অসহায়, অসুস্থ, অনাথ, বিশেষ চাহিদা সম্পন্ন, নিরাশ্রয়, বিধবা, আর্থিক দুর্দশাগ্রস্ত মহিলা ও শিশুদের এককালীন আর্থিক সাহায্য প্রদান;
- (খ) এসিড আক্রান্ত, অগ্নিদগ্ধ এবং দুরারোগ্য রোগে আক্রান্ত মহিলা ও শিশুদের এককালীন/তাৎক্ষণিক আর্থিক সাহায্য প্রদান;
- (গ) আর্থিক দুর্দশাগ্রস্ত এতিম শিশু ও মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এককালীন আর্থিক সাহায্য প্রদান;
- (ঘ) শুল্ক বসত ভিটা আছে এমন মহিলাদের কর্মসংস্থানের জন্য এককালীন সাহায্য প্রদান;
- (ঙ) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মহিলা ও শিশুদের এককালীন সাহায্য প্রদান।

৩। তহবিল গঠনঃ

- (ক) সরকারি মঞ্জুরি/সাহায্য ;
- (খ) অন্য কোন সূত্র হতে প্রাপ্ত মঞ্জুরি /অনুদান/সাহায্য ;
- (গ) তহবিলের বিনিয়োগ সূত্রে অর্জিত আয়/লভ্যাংশ।


৪। বোর্ড অব ট্রাস্টিঃ

৪.১। তহবিলের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি বোর্ড অব ট্রাস্টি থাকবে:

(ক)	মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সভাপতি
(খ)	সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সহ-সভাপতি
(গ)	অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(ঘ)	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(ঙ)	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদ মর্যাদার)	সদস্য
(চ)	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদ মর্যাদার)	সদস্য
(ছ)	সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদ মর্যাদার)	সদস্য
(জ)	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদ মর্যাদার)	সদস্য
(ঝ)	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদ মর্যাদার)	সদস্য
(ঞ)	পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
(ট)	মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য সচিব

৪.২। বোর্ড অব ট্রাস্টি এর কার্যপরিধিঃ

- (ক) উপকর্মটি কর্তৃক সুপারিশকৃত আবেদন থেকে চূড়ান্ত সংখ্যা ও অনুদানের পরিমাণ নির্ধারণ;
- (খ) তহবিলের অর্থ বৃদ্ধির বিষয়ে সরকারি সাহায্য মঞ্জুরি বা অন্য কোন সূত্র হতে মঞ্জুরি/অনুদান/সাহায্য প্রাপ্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ;
- (গ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন এবং নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ ;
- (ঘ) তহবিল সংক্রান্ত যাবতীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;
- (ঙ) ব্যাংকে জমাকৃত তহবিলের এফডিআর থেকে অর্জিত লভ্যাংশের ব্যবস্থাপনা;
- (চ) জরুরি ক্ষেত্রে সভাপতি ১৫,০০০/- (পনের হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, সহ-সভাপতি ৮,০০০/- (আট হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং সদস্য- সচিব ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এককালীন সাহায্য প্রদান করতে পারবেন।
- উক্তরূপ সাহায্য প্রদানের ক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টির পরবর্তী সভায় ভূতাপেক্ষ অনুমোদন নিতে হবে;
- (ছ) বোর্ড অব ট্রাস্টি বছরে কমপক্ষে ২ টি সভায় মিলিত হবেন;
- (জ) সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনে যে কোন সময় বোর্ড অব ট্রাস্টির সভা আহ্বান করা যাবে;
- (ঝ) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বোর্ড অব ট্রাস্টি এর সাচিবিক দায়িত্ব পালন করবেন।


মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
(স্বাক্ষরিত)

৫। উপকমিটিঃ

৫.১। তহবিলের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি উপকমিটি গঠিত হবেঃ

(ক) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সভাপতি
(খ) পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
(গ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(ঘ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(ঙ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী পরিচালক পর্যায়ের), মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
(চ) উপপরিচালক (অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য সচিব

৫.২। উপকমিটির কার্যপরিধিঃ

- (ক) নীতিমালার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে অনুদানের পরিমাণ নির্ধারণপূর্বক বোর্ড অব ট্রাস্টির সভায় উপস্থাপন করবে;
- (খ) উপকমিটি একজন আবেদনকারীর জন্য সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এককালীন সাহায্যের সুপারিশ করতে পারবে;
- (গ) উপকমিটি এই তহবিলের অনুদান প্রদানের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা করবে;
- (ঘ) উপকমিটি প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হবে;
- (ঙ) উপকমিটি প্রয়োজনে একজন সদস্য কো-অপ্ট করতে পারবে;
- (চ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নীতিমালা মুদ্রণকরত: জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৬। জেলা কমিটিঃ

৬.১। জেলা কমিটি গঠন (সংশ্লিষ্ট জেলা):

(ক) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সভাপতি
(খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	সদস্য
(গ) সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	সদস্য
(ঘ) বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	সদস্য
(ঙ) জাতীয় মহিলা সংস্থা কর্তৃক মনোনীত প্রতিনিধি একজন	সদস্য
(চ) উপপরিচালক কর্তৃক মনোনীত নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি একজন	সদস্য
(ছ) প্রোগ্রাম অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য সচিব

৬.২। জেলা কমিটির কার্যপরিধিঃ

- (ক) জেলা কমিটি প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাইকরত: নির্ধারিত সময়ের মধ্যে যোগ্য আবেদনসমূহের মূলকপিসহ তালিকা (হার্ড ও সফট কপিসহ) বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিব বরাবর প্রেরণ করবে;
- (খ) যোগ্য আবেদন পত্রের ফটোকপি উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষিত থাকবে;
- (গ) জেলা কমিটি গুরুত্ব অনুযায়ী ৫০০০/- টাকা থেকে সর্বোচ্চ ২৫,০০০/- টাকা পর্যন্ত সুপারিশ করতে পারবে;
- (ঘ) জেলা কমিটি এই তহবিলের অনুদান প্রদানের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঙ) জেলা কমিটি প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হবে;
- (চ) জেলা কমিটি প্রয়োজনে একজন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭। আর্থিক ব্যবস্থাপনা ও পরিচালনাঃ

৭.১। তহবিল ব্যবস্থাপনাঃ

- (ক) দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল এর এফডিআরকৃত সীড ক্যাপিটালের প্রতি বছর প্রাপ্ত লভ্যাংশের ৮০% অনুদান হিসাবে বিতরণ করা হবে এবং উক্ত বিতরণযোগ্য ৮০% অর্থ একটি পৃথক হিসাবে জমা হবে;
- (খ) সীড ক্যাপিটালের প্রতি বছর প্রাপ্ত লভ্যাংশের ১০% অর্থ বিনিয়োগযোগ্য মূলধন হিসাবে এফডিআর এর সাথে যুক্ত হবে;
- (গ) সীড ক্যাপিটালের প্রতি বছর প্রাপ্ত লভ্যাংশের ১০% অর্থ অফিস ও আনুষঙ্গিক খরচ মিটানোর জন্য আরেকটি পৃথক সঞ্চয়ী হিসাবে জমা হবে;
- (ঘ) যদি আনুষঙ্গিক তহবিলে জমাকৃত অর্থের পরিমাণ ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার উর্ধ্বে থাকে তাহলে বোর্ড অব ট্রাস্টি উক্ত অর্থের তিন চতুর্থাংশ দিয়ে নতুন করে এফ ডি আর খুলে সীড ক্যাপিটালের পরিমাণ বৃদ্ধি করতে পারবে।


মহাপরিচালক (মবিঅ-১)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
কর্তৃপক্ষ

৭.২। তহবিল পরিচালনাঃ

- (ক) বোর্ড অব ট্রাস্টি এবং উপকমিটির সভার ব্যয় বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিবের অনুমোদনক্রমে তহবিলের আনুষংগিক খাত থেকে নির্বাহ হবে;
- (খ) জেলা পর্যায়ে সভার ব্যয় উপপরিচালকের অফিসের ব্যবস্থাপনা খাত থেকে নির্বাহ হবে;
- (গ) মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক এবং উপপরিচালক(অর্থ) এর যৌথ স্বাক্ষরে তহবিলের সকল ব্যাংক হিসাব পরিচালিত হবে;
- (ঘ) মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক বছরের প্রথম বোর্ড অব ট্রাস্টির সভায় তহবিলের আয়-ব্যয়ের হিসাব অনুমোদনের জন্য উপস্থাপন করবেন;
- (ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক(অর্থ) তহবিল পরিচালনার সাচিবিক দায়িত্ব পালন করবেন।

৮। প্রচারণাঃ

- (ক) এই তহবিলের অনুদান প্রদানের বিজ্ঞপ্তিটি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচার করতে হবে;
- (খ) জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ের নোটিশ বোর্ড, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডেও বিজ্ঞপ্তিটি প্রচার করতে হবে।

৯। আবেদন পত্র দাখিল ও নিষ্পত্তিঃ

- ৯.১। আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণকে নির্ধারিত ফরমে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/ইউপি মেম্বর এর সুপারিশসহ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
- ৯.২। সিটি কর্পোরেশন বা জেলার সদর উপজেলার আবেদনকারীকে জেলা সদরে অবস্থিত মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/অনলাইনে আবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনীয় সুপারিশসহ তহবিলের বোর্ড অব ট্রাস্টির সদস্য-সচিব বরাবরে প্রেরণ করতে হবে।
- ৯.৩। আবেদনকারীকে আবেদনের সাথে সংযুক্তি হিসেবে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ
- (ক) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি;
- (খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি;
- (গ) চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র;
- (ঘ) আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্র;
- (ঙ) শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।
- ৯.৪। আবেদন আহ্বান, আবেদনপত্র যাচাই-বাছাই, বোর্ড অব ট্রাস্টির অনুমোদন সংক্রান্ত যাবতীয় কাজ অর্থ বছরের শুরু থেকে ৩১ মার্চ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
- ৯.৫। মোবাইল ব্যাংকিং/ইলেক্ট্রনিক ট্রান্সফার/সুবিধাভোগীর অনুকূলে/উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর ক্রসড চেকের মাধ্যমে মঞ্জুরকৃত অনুদানের অর্থ প্রেরণ করতে হবে। উপপরিচালক অনুদানের অর্থ বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ তহবিলের বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিবকে অবহিত করবেন।

২৫.০৫.২০২০

ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি
প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

রাম চন্দ্র দাস
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর
ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে আর্থিক সাহায্যের জন্য আবেদন ফরম।

বরাবর,

.....
.....
.....।

সত্যায়িত
পাসপোর্ট সাইজ
ছবি ২ কপি

বিষয়ঃ দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে আর্থিক সাহায্যের জন্য আবেদন।

১। আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে):

২। মাতার নাম :

৩। পিতার নাম :

৪। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

৫। বর্তমান ঠিকানা :
.....।

৬। স্থায়ী ঠিকানা :
.....।

৭। জন্মনিবন্ধন নম্বর (শিশুদের ক্ষেত্রে):

৮। জাতীয় পরিচয় পত্র নম্বর (আবেদনকারীর এবং শিশুর ক্ষেত্রে মা/আইনসংগত অভিভাবকের):

৯। বয়স :

১০। পেশা :

১১। যোগাযোগের জন্য মোবাইল নম্বর :

১২। ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে) :

১৩। আর্থিক অবস্থার বিবরণ :

১৪। সাহায্য চাওয়ার কারণ (কারণের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে):

১৫। প্রার্থিত সাহায্যের পরিমাণ :

১৬। (ক) কোন সরকারি সাহায্য পায় কি-না (বিধবা ভাতা/বয়স্ক ভাতা/মাতৃত্বকাল ভাতা/ল্যাকটেটিং মাদার সহায়তা/ভিজিডি সহায়তা/
উপবৃত্তি/অন্য কোন সরকারি ভাতা) :


(খ) হ্যাঁ হলে,

i. সাহায্য/ভাতার নাম :

ii. মাসিক সাহায্য/ভাতার পরিমাণ :

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

১৬। সুপারিশকারীর মন্তব্য (স্বাক্ষর ও সীলসহ) :


রাম চন্দ্র দাস
মহাপরিচালক (জেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়